সমকাল

তারিখ 0 6 JUN 2016
পৃষ্ঠা ১৯ কলাম ১

# ঢাবিতে বিশ্ব পরিবেশ দিবস পালিত

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

'বন্যপ্রাণী ও পরিবেশ: বাঁচায় প্রকৃতি বাঁচায় দেশ' প্রতিপাদ্য নিয়ে শোভাযাত্রা ও বৃক্ষরোপণ কর্মসূচির মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে। গতকাল রোববার সকালে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। শোভাযাত্রার উদ্বোধন করেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## ঢাবিতে বিশ্ব

[১৯ পৃষ্ঠার পর]

লেকচার থিয়েটার ভবনের সামনে এসে শেষ। পরে কর্মসূচির অংশ হিসেবে লেকচার থিয়েটার ভবন এলাকায় বৃক্ষরোপণ করা হয়। শোভাযাত্রা ও বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ঢাবির কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন প্রমুখ।